

১০২৩১৬
৬০০

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ভাঙচুর সাত ছাত্র কারাগারে

আদালত প্রতিবেদক

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ভাঙচুর, পুলিশের কাছে বাধাদান ও মারধরের অভিযোগে সাত ছাত্র সাত ছাত্রকে কারাগারে পাঠানো হয়েছে। গতকাল মঙ্গলবার ঢাকার মহানগর হুকিম শফিক আনোয়ার ছাত্রদের জামিন আবেদন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর আদেশ দেন।

এসব ছাত্র হচ্ছেন নামস্বাক্ষরিত খন্দকার, নিয়াজ মোহাম্মদ ফকরুল ইসলাম, গোলাম ইয়াসিন, হিটলার বোস, জহির, মামুন ওরফে আলু মামুন ও শ্রীকান্ত নিয়োগী।

গতকাল মহানগর পুলিশ অতিযুক্ত সাতজনকে আদালতে হাজির করে জিজ্ঞাসাবাদের জন্য পাঁচ দিনের রিমান্ডের আবেদন করেন। মামলার উদ্বৃত্ত কর্মকর্তা তাঁর প্রতিবেদনে বলেন, অতিযুক্ত ছাত্ররা চার-পাঁচ শ ছাত্র নিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের জন্য মানবহীন বাড়ানো আধাস্টিক ভবন নির্মাণ, পরিচয়পত্র সরবরাহ ও এমবিএ কোর্স চালু করার দাবিতে মিছিল বের করেন।

পুলিশ ছাত্রদের স্লোগান দিতে নিষেধ করে। এতে ছাত্ররা বিস্ময় হয়ে বিশ্ববিদ্যালয়ের সামনে গাড়ি ভাঙচুর করেন ও পুলিশের কাছে বাধা দেন। তাঁদের হিমাতে নিয়ে সহযোগী আন্দোলীদের নাম-ঠিকানা উদ্ধারের জন্য জিজ্ঞাসাবাদ করা প্রয়োজন। অতিযুক্তরা তাঁদের আইনজীবীর মাধ্যমে আদালতে জামিনের আবেদন করেন। আদালত তিনটি পেছা উভয় আবেদন নামঞ্জুর করে প্রত্যেককে কারাগারে পাঠানোর আদেশ দেন।

গত সোমবার দুপুর সাড়ে বারোটোর দিকে ছাত্ররা বিশ্ববিদ্যালয়ের মানবহীন ভবন, ভবন নির্মাণ, পরিচয়পত্র সরবরাহ ও এমবিএ কোর্স চালু করার দাবিতে মিছিল বের করেন। মিছিল থেকে ছাত্ররা বিশ্ববিদ্যালয়ের সামনে ভাঙচুর, পুলিশের ওপর ইটপাটবেল নিক্ষেপ ও মারধর করেন। এ সময় পুলিশ ঘটনাস্থল থেকে সাতজনকে গ্রেপ্তার করে। এ ব্যাপারে কোতোয়ালি থানার উপ-পরিদর্শক (এসআই) আবদুল কাইউম বানী হয়ে মামলা করেন।